

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২১৪

আমবাসা, ২৫ এপ্রিল, ২০২৪

**সাংবাদিক সম্মেলনে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের রিটার্নিং অফিসার  
আগামীকাল শান্তিপুর ও ভয়মুক্ত পরিবেশে ভোটগ্রহণের জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে**

আগামীকাল ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রে ভোটগ্রহণ করা হবে। শান্তিপুর ও ভয়মুক্ত পরিবেশে ভোটগ্রহণের জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। আজ ধলাই জেলাশাসক কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের রিটার্নিং অফিসার তথা ধলাই জেলার জেলাশাসক ও সমাহর্তা সাজু বাহিদ এ। সাংবাদিক সম্মেলনে তিনি ভোটারদের উৎসবের মেজাজে, শান্তিপুর ও ভয়মুক্ত পরিবেশে তাদের ভোটাধিকার প্রয়োগ করার আহ্বান জানিয়েছেন। সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, আগামীকাল সকাল থেকেই ভোটকর্মীরা তাদের সংশ্লিষ্ট ভোটকেন্দ্রে ভোটগ্রহণের যাবতীয় প্রস্তুতি সেরে নেবেন। সকাল ৭টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ভোটগ্রহণ চলবে। ইতিমধ্যেই জেলার সকল ভোটকেন্দ্রগুলিতে ভোটগ্রহণ কর্মীরা পৌঁছে গেছেন। তিনি জানান, ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রে মোট ভোটার রয়েছেন ১৩,৯৬,৭৬১ জন। এরমধ্যে পুরুষ ভোটার ৭,০২,৫১১ জন, মহিলা ভোটার ৬,৯৪,২৩৭ জন এবং তৃতীয় লিঙ্গের ভোটার ১৩ জন। এই সংসদীয় ক্ষেত্রে প্রায় ১৬ হাজারের বেশি রু ভোটাররা তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।

সাংবাদিক সম্মেলনে রিটার্নিং অফিসার আরও জানান, ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের অন্তর্গত ৩০টি বিধানসভা ক্ষেত্রে ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ১,৬৬৪টি। এরমধ্যে মডেল ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ৬১টি, মহিলা পরিচালিত ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ৬৭টি, দিব্যাঙ্গজন পরিচালিত ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ৩০টি এবং যুবদের দ্বারা পরিচালিত ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ৩০টি। ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে ভোটারদের সুবিধার জন্য পানীয়জলের ব্যবস্থা, বিদ্যুৎ ব্যবস্থা, দিব্যাঙ্গজন ভোটারদের জন্য র্যাম্প, শৌচালয় এবং শেডের ব্যবস্থা করা হয়েছে। তাছাড়াও দিব্যাঙ্গজন এবং প্রবীণ নাগরিকদের জন্য ভোটকেন্দ্রগুলিতে বিশেষ ব্যবস্থা করা হয়েছে। বর্তমানে রাজ্যে গরমের অবস্থা চিন্তা করে প্রত্যেকটি ভোটগ্রহণ কেন্দ্রে পানীয়জলের বিশেষ ব্যবস্থা রাখা হয়েছে।

সাংবাদিক সম্মেলনে তিনি জানান, ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রে নির্বাচন সংক্রান্ত যে সকল অভিযোগ এসেছিল তা ইতিমধ্যেই নিষ্পত্তি করা হয়। ভোটারদের সুবিধার জন্য প্রত্যেকটি বিধানসভা কেন্দ্রের জন্য কমপ্লেন্ট রিড্রেশন অফিসার নিযুক্ত করা হয়েছে। ভোটার বা সংশ্লিষ্ট সকলেই তাদের যে কোনও ধরনের অভিযোগ তাদের কাছে জানাতে পারবেন। এছাড়াও এক্ষেত্রে জেলা হেল্পলাইন নম্বর হলো ১৯৫০। ভোটগ্রহণের সময় একজন ভোটার তার ভোটার সচিত্র পরিচয়পত্র ছাড়াও ১১টি পরিচয়পত্র দেখিয়ে ভোটদান করতে পারবেন। এগুলি হলো আধার কার্ড, প্যান কার্ড, ইউনিক ডিসেবিলিটি আইডি কার্ড, সার্ভিস আইডি কার্ড, ছবি সহ ব্যাঙ্ক অথবা পোস্ট অফিসের পাসবই, হেলথ ইনস্যুরেন্সের স্মার্ট কার্ড, ড্রাইভিং লাইসেন্স, পাসপোর্ট, পেনশনের ডকুমেন্ট এবং এমএনরেগা জবকার্ড। তিনি জানান, এই সংসদীয় ক্ষেত্রের ৪৯-ছাওমনু (এসটি) বিধানসভা ক্ষেত্রে ৬টি ভোটগ্রহণ কেন্দ্র সবচেয়ে বেশি দুর্গম বলে চিহ্নিত করা হয়েছে। এই ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে ভোটকর্মীদের জন্য সমস্ত ধরনের সুব্যবস্থা করা হয়েছে।

\*\*\*\*\*